

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে ১৮-০৬-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায়
অনুষ্ঠিত মবক'র নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন, চেয়ারম্যান।
তারিখ : ১৮-০৬-২০২০ খ্রিঃ।
সময় : ১০.০০ ঘটিকা।
স্থান : মবক এর সভাকক্ষ।

১৮-০৬-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মবক'র সভাকক্ষে রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন, চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপস্থিত সকলের উদ্দেশ্য সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের প্রেক্ষাপট, গুরুত্ব এবং বিভাগ ভিত্তিক দায়িত্ব সম্পর্কে আলোকপাত করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা করেন।

আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত:-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	নৈতিকতা কমিটির সভা।	প্রতি ০৩ মাস অন্তর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির সভা মাসের ৩য় সপ্তাহে এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত সভা প্রতিবছর জুন মাসের ৩য় সপ্তাহে রবিবার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে নিয়মিত সভা অনুষ্ঠান করা হয়।	যথাসময়ে বর্ণিত সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
২.	অংশীজনের (Stakeholder) অংশগ্রহণ সভা।	ক) গত ২৬-০৪-২০২০ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় বন্দরে কর্মরত শ্রমিকদের করোনা ভাইরাস দুর্যোগকালীন ত্রাণ বিতরণ সভা অনুষ্ঠিত হয়েছে। খ) গত ১১-০৫-২০২০ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে আর্থিক সহযোগিতার বিষয়ে কর্মরত শ্রমিকদের করোনা ভাইরাস দুর্যোগকালীন আর্থিক সহযোগিতা প্রদান (নগদ অর্থ) বিষয়ে অনুষ্ঠিত সভা। গ) গত ১১-০৫-২০২০ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে বন্দর ব্যবহারকারীদের সাথে মবক'র অপারেশনাল কার্যক্রমের বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রতিমাসে বন্দর ব্যবহারকারীদের সাথে সভা আহবান অব্যাহত রাখতে হবে।	পরিচালক (ট্রাফিক)
৩.	গৃহ নির্মাণ ঋণ কর্মসূচি-২০১৯ প্রণয়ন প্রসঙ্গে।	গৃহ নির্মাণ ঋণ কর্মসূচি-২০১৯, মবক'র ২৭০তম বোর্ড সভায় অনুমোদনের প্রেক্ষিতে গত ১৮-০৩-২০২০ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে। গৃহ নির্মাণ ঋণ কর্মসূচি ২০১৯ এর অনুমোদনের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে।	মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন)
৪.	হজ্জ নীতিমালা-২০১৯ প্রণয়ন প্রসঙ্গে।	হজ্জ নীতিমালা-২০১৯, মবক'র ২৭০তম বোর্ড সভায় অনুমোদনের প্রেক্ষিতে গত ১৮-০৩-২০২০ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে। গত ১৫-০৬-২০২০ তারিখে তথ্যাদি চেয়ে নৌপম হতে পত্র পাওয়া গিয়েছে। শীঘ্রই তথ্যাদি সংগ্রহপূর্বক জবাব প্রেরণ করা হবে।	শীঘ্রই তথ্যাদি সংগ্রহপূর্বক নৌপম এ জবাব প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৫.	এডিপি বাস্তবায়ন অগ্রগতি।	প্রতিমাসে এডিপি এর অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং সংশ্লিষ্ট বিভাগ চেয়ারম্যান মহোদয়সহ সকল সদস্যদের অগ্রগতি প্রতিবেদন অবহিত করেন মর্মে পরিকল্পনা কোষ হতে জানানো হয়েছে। মে ২০২০ মাসে এডিপি এর অগ্রগতির হার ৪০.৩৩৬%।	প্রতি ০৩ মাস অন্তর প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং এডিপির অগ্রগতির প্রতিবেদন চেয়ারম্যান এবং সকল সদস্য বরাবর প্রেরণ করতে হবে।	পরিকল্পনা প্রধান
৬.	প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষন অগ্রগতি প্রতিবেদন।	মবক এর উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কমিটি গঠনের প্রস্তাব চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রেরণ করার জন্য আলোচনা হয়। তদপ্রেক্ষিতে পরিকল্পনা প্রধান জানান যে, প্রকল্প পরিদর্শনের জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি নিম্নরূপঃ- ১। জনাব শেখ মাসুদ উল্লাহ – আহবায়ক উপ-পরিকল্পনা প্রধান ২। জনাব মোঃ সোহাগ – সদস্য ডেপুটি ট্রাফিক ম্যানেজার ৩। জনাব মোঃ নিয়ামুর রহমান – সদস্য সচিব সিনিয়র এ্যাকাউন্টস অফিসার বর্ণিত কমিটির সদস্যদের সক্রিয়ভাবে নিজ দায়িত্ব পালন করার জন্য সভায় সকলে একমত পোষণ করেন। প্রতিমাসে মবক'র উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি এবং	গঠিত কমিটির কার্যক্রম অরাস্থিত করতে হবে। প্রতিমাসে পরিদর্শন/পরিবীক্ষন অগ্রগতি প্রতিবেদন চেয়ারম্যান মহোদয়সহ সকল সদস্য মহোদয়কে প্রেরণ করতে হবে।	পরিকল্পনা প্রধান এবং গঠিত কমিটি